

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৯৬

পানিসাগর, ২৫ মে, ২০২৪

পানিসাগর মহকুমাভিত্তিক নজরুল জন্মজয়ন্তী

পানিসাগর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে এবং পানিসাগর নগর পঞ্চায়েতের সহযোগিতায় আজ পানিসাগর মহকুমায় বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী উপলক্ষে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয়। আজ সকালে পানিসাগর শিব ও কালীবাড়ি প্রাঙ্গণে আয়োজিত এই শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের উদ্বোধন করেন পানিসাগর নগর পঞ্চায়েতের উপকার্যনির্বাহী আধিকারিক প্রদীপ কুমার সরকার। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পেকুছড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সত্যেন্দ্রচন্দ্র নাথ, মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য সুদীপা রায় সহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংস্থার প্রতিনিধিগণ। অনুষ্ঠানে পানিসাগর নগর পঞ্চায়েতের উপকার্যনির্বাহী আধিকারিক কাজী নজরুল ইসলামের জীবনের বিভিন্ন দিকগুলি নিয়ে আলোচনা করেন। স্বাগত বক্তব্য রাখেন পানিসাগর মহকুমা তথ্য ও সংস্কৃতি আধিকারিক ইন্দ্রজিৎ সাহা। অনুষ্ঠানের শুরুতে উদ্বোধক সহ অন্যান্য অতিথিগণ কাজী নজরুল ইসলামের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। মহকুমাভিত্তিক নজরুল জয়ন্তী উপলক্ষে এদিন বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে অনুষ্ঠিত হয় বসে আঁকো প্রতিযোগিতা।

\*\*\*\*\*